

Outing

©©Deepak Sarkar, Writen on 7/9/2000, Redwood Shores, California

অজানার সন্ধানে - (রাগ - সিন্ধ তৈরবী)

চলো আসি ঘুরে -
সাগরের পারে নির্জনে ।
ঘন রেডউড ঘেরা পাহাড়ী পথে ।

সকালের রোদ আজ ঝলমল -
পাহাড়গুলো কতো মনরম!
পাখীরা ডাকছে আর উড়ছে দল বেধে -
বাতাসে গন্ধ চঞ্চলতার
অজানার অভিযানে। চলো আসি ঘুরে -

Stock option, mortgage, কাজের শ্বিহরতা ভেবে -
ছুটির দিন কেটেছে কেবলি কাজের ভারে।

আজকাল জীবন গদ্যময়!
সময় হচ্ছে বড় দ্রুত ক্ষয়!
দায়িতের বেড়াজালে, লাভ-খতির অন্তরালে-
হৃদরোগ চালসেমি এসে যায়
গোপনে সঙ্গপনে।